

স্মারক নম্বর: ৪৬.০২.০০০০.৬১১.১৮.০০২.১১.১৯

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৬

২৩ জুলাই ২০১৯

বিষয়: এলজিইডি'র ওয়েবপোর্টালকে জাতীয় তথ্য বাতায়নে স্থানান্তর বিষয়ক প্রয়োজনীয় তথ্য ও নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় বাস্তবায়নাধীন একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ গড়ার অন্যতম পদক্ষেপ হিসেবে সকল সরকারি দপ্তর-সংস্থার জন্য জাতীয় তথ্য বাতায়ন বা ওয়েব পোর্টাল প্রস্তুত করা হয়েছে। এর ধারাবাহিকতায় গত ১৭/০৭/২০১৯ ইং তারিখে এলজিইডি'র ওয়েবপোর্টালকে জাতীয় তথ্য বাতায়নে স্থানান্তর করা হয়েছে। এবিষয়ে নিম্নলিখিত তথ্য ও নির্দেশনা অনুসরণ করার জন্য বলা হলো।

১) পূর্বে ব্যবহৃত ওয়েবপোর্টালের এ্যাড্রেস হবে oldweb.lged.gov.bd। যেখানে ইউনিট, প্রজেক্ট, রোড ডাটাবেজ ও ম্যাপ ডাটাবেজ- এর তথ্য থাকবে। এসব তথ্য পুরাতন ওয়েবপোর্টাল (oldweb.lged.gov.bd/Admin/Login.aspx) থেকেই হালনাগাদ করতে হবে।

২) পুরাতন ওয়েবপোর্টালে প্রধান কার্যালয় ও ৬৪ টি জেলা কার্যালয়ের ওয়েব এ্যাড্রেস ছিল। নতুন পোর্টালে এলজিইডি'র প্রধান কার্যালয়, বিভাগীয়, জেলা ও উপজেলা কার্যালয়সহ সর্বমোট ৫৬৫টি কার্যালয়ের জন্য ৫৬৫টি ওয়েবপোর্টাল ও ৫৬৫টি ওয়েব এ্যাড্রেস আছে। সকল এ্যাড্রেসের জন্য এখানে ক্লিক করুন [https://lged.gov.bd/site/page/1c70b480-3c54-401f-91d7-f76c870a8875/-](https://lged.gov.bd/site/page/1c70b480-3c54-401f-91d7-f76c870a8875/)

ক) প্রধান কার্যালয়ের জন্য একটি ওয়েবপোর্টাল থাকবে যার এ্যাড্রেস www.lged.gov.bd। এখানে শুধুমাত্র প্রধান কার্যালয়ের তথ্য থাকবে।

খ) ৮টি বিভাগীয় কার্যালয়ের জন্য পৃথক ৮টি ওয়েবপোর্টাল ও পৃথক ৮টি ওয়েব এ্যাড্রেস থাকবে। এখানে স্ব স্ব কার্যালয়ের তথ্য থাকবে। উদাহরণস্বরূপ, খুলনা বিভাগীয় কার্যালয়ের ওয়েব এ্যাড্রেস lged.khulnadiv.gov.bd। সকল বিভাগীয় কার্যালয়ের ওয়েব এ্যাড্রেসের গঠন একই ধরনের।

গ) আঞ্চলিক কার্যালয়ের জন্য বর্তমানে কোন ওয়েবপোর্টাল নেই। ভবিষ্যতে নতুন ওয়েবপোর্টাল তৈরী করা হবে।

ঘ) ৬৪টি জেলা কার্যালয়ের জন্য পৃথক ৬৪টি ওয়েবপোর্টাল ও পৃথক ৬৪টি ওয়েব এ্যাড্রেস থাকবে। এখানে স্ব স্ব কার্যালয়ের তথ্য থাকবে। উদাহরণস্বরূপ, ঝিনাইদহ জেলা কার্যালয়ের ওয়েব এ্যাড্রেস ged.jhenaidah.gov.bd। সকল জেলা কার্যালয়ের ওয়েব এ্যাড্রেসের গঠন একই ধরনের।

ঙ) ৪৯২টি উপজেলা কার্যালয়ের জন্য পৃথক ৪৯২টি ওয়েবপোর্টাল ও পৃথক ৪৯২টি ওয়েব এ্যাড্রেস থাকবে। এখানে স্ব স্ব কার্যালয়ের তথ্য থাকবে। উদাহরণস্বরূপ, ঝিনাইদহ জেলার সদর উপজেলা কার্যালয়ের ওয়েবপোর্টাল এ্যাড্রেস ged.sadar.jhenaidah.gov.bd। সকল উপজেলা কার্যালয়ের ওয়েব এ্যাড্রেসের গঠন একই ধরনের।

৩) ক্রমিক নং ২ এ বর্ণিত প্রতিটি কার্যালয়ের ওয়েবপোর্টালের তথ্য হালনাগাদ করার দায়িত্ব সংশ্লিষ্ট কার্যালয়ের। তথ্য হালনাগাদ করার জন্য ইতোমধ্যে অফিস আদেশ জারী করা হয়েছে (৪৬.০২.০০০০.৬১১.১৮.০০২.১১.১৪৫, তারিখ: ০২/০৪/২০১৯ ইং)। টেন্ডার নোটিশ, মাসিক অগ্রগতি প্রতিবেদন সহ সকল তথ্য সংশ্লিষ্ট কার্যালয়ের ওয়েবপোর্টালে প্রকাশ করতে হবে। তথ্য হালনাগাদে সহযোগীতার জন্য জনাব প্রশান্ত কুমার কবিরাজ, সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট, (মোবাইল নং- ০১৭১৭৭৩৬৫৭৪)- এর সাথে যোগাযোগ করা যাবে।

৪) বিভাগীয়, জেলা ও উপজেলা কার্যালয়ের তথ্য হালনাগাদ করার নিমিত্তে ওয়েবপোর্টালের ইউজার আইডি ও পাসওয়ার্ডের জন্য সংশ্লিষ্ট ডিসি অফিসের সহকারী প্রোগ্রামারের সাথে যোগাযোগ করতে হবে।



২৩-৭-২০১৯

মোঃ খলিলুর রহমান
প্রধান প্রকৌশলী

ফোন: +৮৮-০২-৯১২৪০২৭

ফ্যাক্স: +৮৮-০২-৯১১০৫১২

ইমেইল: ce@ged.gov.bd

বিতরণ :

- ১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সদর দপ্তর)
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল বিভাগ)
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সদর দপ্তর)
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল অঞ্চল)
- ৫) প্রকল্প পরিচালক (সকল)
- ৬) নির্বাহী প্রকৌশলী (সকল জেলা)
- ৭) উপজেলা প্রকৌশলী, (সকল উপজেলা)